



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০০১.০৭৭.২০১৩- ১১৩৬

তারিখঃ ২ জুন, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, কিশোরগঞ্জ।

বিষয়ঃ কিশোরগঞ্জ অঞ্চলের তাড়াইলস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদামও অন্যান্য স্থাপনাদিসহ খালি জায়গা নতুনভাবে ভাড়া প্রদানের লক্ষ্যে দুটি বহল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহবান প্রসঙ্গে।

সূত্রঃ সার ব্যবস্থাপনা বিভাগের শাখার স্মারক নং-১২.২৪৩.০১৮.০০১.০৭৭.০১০.২০১৩.৭৪৩ তারিখঃ ১৭/০৪/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ অঞ্চলের তাড়াইলস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদামের সমুদয় বকেয়া ভাড়া আদায়পূর্বক উপরে বর্ণিত স্থাপনা বুঝে নেওয়ার পাশাপাশি নতুন করে ভাড়া প্রদানের জন্য উন্মুক্ত দরপত্র আহবানের অনুরোধ করা হয়।

০২. এর পরিপ্রেক্ষিতে আপনার দপ্তর হতে প্রাপ্ত ০৫/০৬/২০১৮ তারিখের ৮৯৮নং স্মারকে বর্ণিত পত্রের মাধ্যমে উল্লেখ করেছেন যে, ভাড়াটিয়ার নিকট হতে প্রাপ্য সমুদয় ভাড়া আদায় করার পাশাপাশি যৌথ ইনভেস্টরীর মাধ্যমে ভাড়াটিয়ার নিকট হতে স্থাপনাসমূহ বুঝে নেয়া হয়েছে। কিন্তু নতুন করে ভাড়া প্রদানের জন্য উন্মুক্ত দরপত্র আহ্বানে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের জন্য কোনরূপ অগ্রগতি উল্লেখ করা হয়নি।

০৩. এমতাবস্থায়, কিশোরগঞ্জ অঞ্চলের তাড়াইলস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদামও অন্যান্য স্থাপনাদিসহ খালি জায়গা নতুনভাবে ভাড়া প্রদানের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র আহবানের জন্য জনসংযোগ বিভাগের মাধ্যমে দুটি বহল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

(আশরাফ হোসেন)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারেরর অনুরোধসহ)।
২. অফিস কপি।